

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭০৭

আগরতলা, ৫ নভেম্বর, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘উনকোটি হাসপাতাল সিটি স্ক্যান বন্ধ পক্ষকাল ধরে’ এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ২ নভেম্বর, ২০২৪ এবং ‘হাসপাতালে বন্ধ সিটি স্ক্যান পরিষেবা, রোগীদের দুর্ভোগ’ এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৪ নভেম্বর, ২০২৪ প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, সম্প্রতি উনকোটি জেলা হাসপাতালের সিটি স্ক্যান মেশিনটি নষ্ট হয়ে যাওয়ার ফলে রোগীদের সিটি স্ক্যান পরিষেবা প্রদান সাময়িকভাবে বন্ধ রয়েছে। উনকোটি জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিটেনডেন্ট এই নষ্ট সিটি স্ক্যান মেশিনটি সারাই করার জন্য উদ্যোগ গ্রহণ করেছেন এবং জরুরি ভিত্তিতে সিটি স্ক্যান মেশিন সারাই করতে টেকনিশিয়ানদের নির্দেশ দিয়েছেন। টেকনিশিয়ানরা সিটি স্ক্যান মেশিন সারাই করার জন্য কাজ করছেন। তাদের মতে শীঘ্রই সিটি স্ক্যান মেশিনটি সারাই হওয়ার সম্ভাবনা রয়েছে।

\*\*\*\*\*